# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/ Standing-1 /২০১৯/ তারিখঃ ২০/০২/১৯

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ২৭/০২/২০১৯ ইং তারিখ রোজ বুধবার বিকাল ০৩:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ- ১) বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদ।
২) সন্ত্রাস, নাশকতা জঙ্গীবাদ বিরোধী জনমত গঠনে কার্যকর পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে আলোচনা।
৩) বিবিধ।

২০/০২/১৯

(মোঃ কামাল হোসেন শেখ)
মেয়র
ও
সভাপতি
আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব--------------------------------
--------------------------------
সদস্য
আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। সহকারী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ২৭/০২/২০১৯ সময় ঃ বিকাল ০৩.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মো: কামাল হোসেন শেখ | সভাপতি | [signature] 27/02/19 |
| ০২ | এস এম মিজানুর রহমান | সদস্য | [signature] 27/02/19 |
| ০৩ | সালেহা বেগম | সদস্য | [signature] 27/02/19 |
| ০৪ | রাবেয়া বেগম | সদস্য | রাবেয়া 27/02/19 |
| ০৫ | মো: কামাল হোসেন সরদার | সদস্য | [signature] 27/02/19 |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটির সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব মোঃ কামাল হোসেন শেখ, মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ২৭/০২/২০১৯ ইং।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বিকাল ০৩:০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব এস এম মিজানুর রহমান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৪, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০২ | জনাব সালেহা খানম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৪ | জনাব মোঃ কামাল হোসেন সরদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ কামাল হোসেন শেখ, মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারী বৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | সন্ত্রাস, নাশকতা জঙ্গীবাদ বিরোধী জনমত গঠনে কার্যকর পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে আলোচনা। | ৩ নং ওয়ার্ড কাউন্সিলার কোটালীপাড়া পৌরসভা জনাব মোঃ কামাল হোসেন সরদার বলেন- পৌর এলাকা বা দেশের সচেতন নাগরিকবৃন্দ, আইন শৃঙ্খলা বাহিনী এবং আমরা যারা জনপ্রতিনিধি তারা সকলেই চায় সমাজে বা দেশে যেন কোন প্রকার অপরাধ না থাকে। অপরাধ নির্মুল/দমনের ব্যাপারে আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সচেতন নাগরিকবৃন্দও সক্রিয় ভূমিকা রাখে। নানা ধরনের বিধি বিধান / নিয়ম কানুন থাকার পরও পৌর এলাকায়/ সমাজে / দেশে বিভিন্ন প্রকার অপরাধ বেড়েই চলেছে। সন্ত্রাস, নাশকতা এবং জঙ্গীবাদ বিরোধী জনমত গঠন করতে হবে। এই সকল অপরাধ দমনের জন্য আমাদের সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। অপরাধ দমনের ক্ষেত্রেও নতুন নতুন পন্থা অবলম্বন করতে হবে থাকতে হবে ২৪ ঘন্টা সতর্ক। এ ক্ষেত্রে আইন শৃঙ্খলা বাহিনী এবং পৌরপরিষদকে একত্রে কাজ করতে হবে। | পৌর এলাকার নাগরিকদের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষার কাজে পৌর পরিষদসহ পৌরসভার সকল বিভাগকে সক্রিয় করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | বিবিধ | সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন | |

২৮/০২/১৯

(মোঃ কামাল হোসেন শেখ)
সভাপতি
আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক বিষয়ক কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। সচিব, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
২। জনাব/জনাবা........................................ আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি।
৩। ..........................................................................................................
৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।